



স্বাধীন সত্য

পশ্চিমবঙ্গ সরকার  
সহকারী বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক শিক্ষা)-এর কার্যালয়  
রামপুরহাট মহকুমা, বীরভূম

**\* জরুরী বিজ্ঞপ্তি \***

**বিষয়: Online Salary Management System ( OSMS )**

বিদ্যালয়ের সকল শিক্ষক ও অশিক্ষক কর্মীর বেতন গত ২০১৪সালের মার্চ মাস থেকে OSMS-এর মাধ্যমে প্রদান করা হচ্ছে। বিদ্যালয়গুলির সক্রিয় সহযোগিতায় এই নতুন ব্যবস্থা কার্যকরী করা সম্ভব হয়েছে। আগামী ১লা মে, ২০১৫ থেকে OSMS ব্যবস্থায় কিছু নতুন বিষয় যুক্ত হচ্ছে, সেগুলি হল:

১। সকল শিক্ষক/ অশিক্ষক কর্মীর বেতন, যা' এতদিন COSA ( Computerized Salary Account) ব্যবস্থায় দেওয়া হ'ত, তা' ১লা মে, ২০১৫ তারিখের পর থেকে 'e -bantan' ব্যবস্থায় দেওয়া হবে। এই নতুন ব্যবস্থাটি কার্যকরী করার জন্য আগামী ১লা থেকে ৪ঠা মে, ২০১৫ তারিখ পর্যন্ত বিদ্যালয়ের কোন salary upload করা যাবে না। ৫ই মে থেকে ১০ মে, ২০১৫ পর্যন্ত salary upload করা যাবে।

২। এই 'e -bantan' ব্যবস্থায় বেতন প্রাপ্তি সুনিশ্চিত করবে বিদ্যালয় দ্বারা যথা সময়ে সঠিক তথ্য সরবরাহের উপর। অবিলম্বে নিজ নিজ বিদ্যালয়ের School Profile এবং Teacher Profile পরীক্ষা করে নিয়ে ত্রুটিগুলি ১লা - ৪ঠা মে, ২০১৫- এর মধ্যে সংশোধন করে নিতে প্রত্যেক বিদ্যালয় প্রধানকে অনুরোধ করা হচ্ছে। ত্রুটি সংশোধন না করে মে মাসের salary upload করলে নতুন ব্যবস্থায় বেতন প্রাপ্তিতে সমস্যা সৃষ্টি হবে। বিশেষ ভাবে প্রত্যেকের PAN সঠিক দেওয়া আছে কিনা যাচাই করতে হবে এবং মোবাইল ফোন নম্বর দেওয়া আবশ্যিক।

৩। বিদ্যালয় সংশ্লিষ্ট ব্যাঙ্ক সংক্রান্ত তথ্য যেমন- Branch Name, Account No., IFS Code, বা কোন নামের বানান- এই ধরনের ভুল থাকলে জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারীর সঙ্গে যোগাযোগ করতে হবে।

৪। যে সব বিদ্যালয় এখনও School Profile update করেননি, তাঁদের আগামী ১লা মে, ২০১৫ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে ওই কাজ শেষ করতে হবে।

৫। আগামী মে, ২০১৫ মাস থেকে Guest Teacher- দের বেতন 'e-bantan' ব্যবস্থায় দেওয়া শুরু হবে। সেজন্য সব Junior High School (New set up) তাদের নিজ নিজ বিদ্যালয়ের Guest Teacher Profile ১লা- ৪ঠা মে, ২০১৫ তারিখের মধ্যে Upload করে দেবেন। ঐ profile approve হয়ে গেলে ৫ই মে, ২০১৫ তারিখ থেকে salary upload করা যাবে। Guest Teacher Profile-এর প্রোফর্মা [www.wbsed.gov.in](http://www.wbsed.gov.in) এই ওয়েবসাইটের **HOI Log in-** এ দেওয়া আছে। Guest Teacher প্রতি একটি পূরণ করা প্রোফর্মা সঙ্গে একটি cancelled bank cheque / pass book- এর কপি আগামী ৩রা/৪ঠা মে, ২০১৫ তারিখে নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দিতে হবে।

৬। গত মার্চ ও এপ্রিল মাসে ইনকাম ট্যাক্সের জন্য Tax Deduction at Source (TDS) যথাযথ হয়নি। এব্যাপারে পূর্বে বিদ্যালয়গুলিকে বার বার জ্ঞাত করা হয়েছে, তথাপি পুনরায় অনুরোধ করা হচ্ছে যে, মে, ২০১৫ মাসের বেতন থেকে TDS যেন যথাযথ কাটা হয়। এবিষয়ে প্রধান/ ভার - প্রাপ্ত শিক্ষক- শিক্ষিকাদের বিশেষ দৃষ্টি দিতে অনুরোধ করা হচ্ছে।

৭। কিছু বিদ্যালয়ের salary requisition-এ requisition according to rank হচ্ছে না অর্থাৎ প্রধান শিক্ষক বা প্রধান শিক্ষিকা বা সিনিয়র শিক্ষকদের নাম আগে আসছে না। আগামী জুলাই মাসের পরে ওই সমস্যার সমাধান সম্ভব হবে।


৮। কিছু বিদ্যালয়ের শিক্ষিকা / মহিলা কর্মীদের নামের পদবী পরিবর্তন সংক্রান্ত বিষয়ে সমস্যা হচ্ছে। আগামী জুলাই মাসের পরে ওই সমস্যার সমাধান সম্ভব হবে।

  
সহকারী বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক শিক্ষা)  
রামপুরহাট মহকুমা, বীরভূম

পত্রাঙ্ক:.....

দিনাঙ্ক:...../...../২০১৫

রামপুরহাট মহকুমার অন্তর্গত সকল উচ্চ মাধ্যমিক/ মাধ্যমিক/ নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলির প্রধান শিক্ষক/ প্রধান শিক্ষিকা/ ভার- প্রাপ্ত শিক্ষক/ শিক্ষিকাদের জ্ঞাতার্থে প্রেরিত হল।

  
সহকারী বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক শিক্ষা)  
রামপুরহাট মহকুমা, বীরভূম